

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
(www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৬.২৭.০৩৬.২০২০-২৬০

তারিখ: ০২ চৈত্র ১৪২৭।  
১৬ মার্চ ২০২১।

বিষয়: মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং ৯৬৮৭/২০২০ এ প্রদত্ত আদেশ এর বিষয়ে মতামত প্রদান।

সূত্র: জনাব মো: ফারুক ইমরুল কায়েস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট এর ৩ মার্চ ২০২১ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: ফারুক ইমরুল কায়েস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী এর বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসার এর সাথে অসদাচরণ, দুর্ব্যবহার ও হুমকি প্রদানের বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় স্থানীয় সরকার বিভাগের গত ৩০ নভেম্বর ২০২০ তারিখের ৯৪৮ নং স্মারকে বর্ণিত উপজেলা পরিষদ চেয়ারম্যানকে সাময়িকভাবে বরখাস্ত করা হয় (কপি সংযুক্ত)।

বরখাস্ত আদেশের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৯৬৮৭/২০২০ দায়ের করলে মাননীয় আদালত ২৮ ডিসেম্বর ২০২০ তারিখে উক্ত বরখাস্ত আদেশ ৩ মাসের জন্য স্থগিত করে (কপি সংযুক্ত)। মাননীয় হাইকোর্ট বিভাগের স্থগিত আদেশের বিরুদ্ধে লিভ টু আপীল নং ২৬৪/২০২১ দায়ের করলে মাননীয় আদালত তা খারিজ করে স্থগিতাদেশ বহাল রাখে (কপি সংযুক্ত)। সে প্রেক্ষিতে জনাব মো: ফারুক ইমরুল কায়েস, চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনের জন্য আবেদন করেন।

এমতাবস্থায়, জনাব মো: ফারুক ইমরুল কায়েস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট হতে প্রাপ্ত আবেদনের (সংলগ্নিসহ) ছায়ািলিপি এ সাথে প্রেরণ করা হলো। উক্ত আবেদনের মর্মানুযায়ী মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং ৯৬৮৭/২০২০ এ প্রদত্ত আদেশ অনুযায়ী লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলা পরিষদ চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত) জনাব মো: ফারুক ইমরুল কায়েস কে স্ব-পদে বহাল করা যায় কিনা সে বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ কর হলো।

সংযুক্তি: বর্ণনামতে ----- পাতা।

১৬/০৩/২০২১  
মমতাজ বেগম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৬২২৪৭

E-mail: lgdupazila1@lgd.gov.bd

যুগ্মসচিব (আইন অধিশাখা)

স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি:

- ১। জনাব মো: ফারুক ইমরুল কায়েস, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্ত), উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।